Certificate Course in Language Examination - 2025

Bengali

Paper- I

Time: 03 Hours Full Marks: 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লেখিত

১। সন্ধি বিচ্ছেদ কারো: (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

(ক) শতেক (খ) ঘরবাড়ি (গ) নিশ্বাস (ঘ) পারাবার (ঙ) হিংসা (চ) কাঁচাপাকা (ছ) অতীব

২। রেখা চিহ্নিত পদগুলির কারক নির্ণয় কারো: (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

(ক) এই কলমে দাগ পড়ে না। (খ) টাকাটা পকেট থেকে হারিয়ে গেল। (গ) সে নীলিমাকে একটি বই উপহার দিয়েছে। (ঘ) সোনাঝুরিতে শনিবারে হাট বসে। (ঙ) শিক্ষকমশাই ছাত্রটিকে অঙ্ক করাচ্ছেন। (চ) পুলিশ তাকে ধরে নিয়ে গেল। (ছ) অমিত এই শহরে নতুন এসেছে।

৩। বাগধারাগুলির অর্থ নির্ণয় করে বাক্য রচনা কার: (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

(ক) বালির বাঁধ (খ) অক্কা পাওয়া (গ) আকাশ-কুসুম (ঘ) চোখে সরষের ফুল দেখা (ঙ) হ-য-ব-র-ল (চ) দু-নৌকায় পা (ছ) ঘোড়ার ডিম

৪। প্রবাদ-প্রবচনগুলির অর্থ লেখো: (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

(ক) দশচক্রে ভগবান ভূত (খ)নানা মুনির নানা মত (গ) অতি ভক্তি চোরের লক্ষণ (ঘ) মরা হাতির দাম লাখ টাকা (ঙ) হাতে আকাশের চাঁদ পাওয়া (চ) অর্থ অনর্থের মূল (ছ) ছাই ফেলতে ভাঙা কুলো

৫। নীচের অংশটি চলিত গদ্যে পরিবর্তন কারো: ১০

"একদা আমেরিকার এক আদিম নিবাসী ব্যক্তি মৃগয়া করিতে গিয়াছিল। সে সমস্ত দিন পশুর অন্বেষণে বনে বনে ভ্রমণ করিয়া, সায়ংকালে অতিশয় ক্লান্ত হইয়া পড়িল; এবং ক্ষুধায় ও তৃষ্ণায় একান্ত আক্রান্ত হইয়া, এক সন্নিহিত ইউরোপীয়ের বাসস্থানে উপস্থিত হইল।"

৬। যে-কোনো একটি বিষয়ের উপর চিঠি লেখো: ১৫

(ক) বন্ধুকে শান্তিনিকেতনের পৌষ মেলা দেখার আমন্ত্রণ জানিয়ে চিঠি (খ) চাকরির দরবার জানিয়ে চিঠি (গ) অসুস্থতার জন্য বিভাগে আসতে না পারার কারণ জানিয়ে চিঠি।

৭। নিচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও: ১৫

আমি জন্ম নিয়েছিলুম সেকেলে কলকাতায়। শহরে শ্যাকরাগাড়ি ছুটছে তখন ছড়্‌ছড়্‌ করে ধুলো উড়িয়ে, দড়ির চাবুক পড়ছে হাড়-বেরকরা ঘোড়ার পিঠে। না ছিল ট্রাম, না ছিল বাস, না ছিল মোটরগাড়ি। তখন কাজের এত বেশি হাঁসফাঁসানি ছিল না, রয়ে বসে দিন চলত। বাবুরা আপিসে যেতেন কষে তামাক টেনে নিয়ে পান চিবতে চিবতে, কেউ বা পালকি চড়ে কেউ বা ভাগের গাড়িতে। যাঁরা ছিলেন টাকাওয়ালা তাঁদের গাড়ি ছিল তকমা-আঁকা, চামড়ার আধঘোমটাওয়ালা, কোচবাক্সে কোচমান বসত মাথায় পাগড়ি হেলিয়ে, দুই দুই সইস থাকত পিছনে, কোমরে চামর বাঁধা, হেঁইয়ো শব্দে চমক লাগিয়ে দিত পায়ে-চলতি মানুষকে। মেয়েদের বাইরে যাওয়াআসা ছিল দরজাবন্ধ পালকির হাঁপধরানো অন্ধকারে,গাড়ি চড়তে ছিল ভারি লজ্জা। রোদ বৃষ্টিতে মাথায় ছাতা উঠত না। কোনো মেয়ের গায়ে সেমিজ পায়ে জুতো দেখলে সেটাকে বলত মেমসাহেবি তার মানে, লজ্জাশরমের মাথা খাওয়া কোনো মেয়ে যদি হঠাৎ পড়ত পরপুরুষের সামনে, ফস্‌ করে তার ঘোমটা নামত নাকের ডগা পেরিয়ে, জিভ কেটে চট্‌ করে দাঁড়াত সে পিঠ ফিরিয়ে। ঘরে যেমন তাদের দরজা বন্ধ, তেমনি বাইরে বেরবার পালকিতেও; বড়োমানুষের ঝি-বউদের পালকির উপরে আরো একটা ঢাকা চাপা থাকত মোটা ঘেটাটোপের, দেখতে হত

যেন চলতি গোরস্থান। পাশে পাশে চলত পিতলে-বাঁধানো লাঠি হাতে দারোয়ানজী। ওদের কাজ ছিল দেউড়িতে বসে বাড়ি আগলানো, দাড়ি চোমরানো, ব্যাঙ্কে টাকা আর কুটুমবাড়িতে মেয়েদের পৌঁছিয়ে দেওয়া, আর পার্বণের দিনে গিন্নিকে বন্ধ পালকি-সুদ্ধ গঙ্গায় ডুবিয়ে আনা। দরজায় ফেরিওয়ালা আসত বাক্স সাজিয়ে, তাতে শিউনন্দনেরও কিছু মুনাফা থাকত। আর ছিল ভাড়াটে গাড়ির গাড়োয়ান, বখরা নিয়ে বনিয়ে থাকতে যে নারাজ হোত সে দেউড়ির সামনে বাধিয়ে দিত বিষম ঝগড়া। আমাদের পালোয়ান জমাদার সোভারাম থেকে থেকে বাঁও কষত, মুগুর ভাঁজত মস্ত ওজনের, বসে বসে সিদ্ধি ঘুঁটত, কখনো বা কাঁচা শাকসুদ্ধ মুলো খেত আরামে আর আমরা তার কানের কাছে চীৎকার করে উঠতুম রাধাকৃষ্ণ; সে যতই হাঁ হাঁ করে দুহাত তুলত আমাদের জেদ ততই বেড়ে উঠত। ইষ্টদেবতার নাম শোনবার জন্যে ঐ ছিল তার ফন্দি।

(ক) লেখক যে সময় জন্মেছিলেন সেই সময়ে কলকাতার বর্ণনা দাও। ১০

(খ) সেই সময় মেয়েদের পোশাক-পরিচ্ছদের বর্ণনা দাও। ৫

# Certificate Course in Language Examination 2025

## Bengali

## Paper- II

Time: 3 hours Full Marks : 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

'ক' গুচ্ছ থেকে তিনটি এবং 'খ' গুচ্ছ থেকে দু'টি প্রশ্নের উত্তর দাও

### 'ক' গুচ্ছ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১। গ্রামের বিদ্যালয়ে বিদ্যাসাগরকে সহপাঠীরা কেন হেনস্তা করত? ছাত্র অবস্থায় কলকাতার ভাড়াবাড়িতে বিদ্যাসাগর কী কী কাজ করতেন ? ৬+১০=১৬

২।'সরু ও মোটা' রচনায় কলকাতা থেকে দুই বন্ধু কীভাবে গ্রামে পৌঁছেছিলেন? গ্রামের জীবনে তাঁদের অভিজ্ঞতা কেমন হয়েছিল? ৫+১১=১৬

৩। 'কয়লার কথা' রচনায় কয়লার জন্ম কীভাবে হয়েছে? আধুনিক মানুষের জীবনে কয়লা কেন মূল্যবান ? ৮+৮=১৬

৪। বাল্মীকির তপোবন কোন নদীর ধারে ছিল? রামের জন্ম কীভাবে হয়েছিল তার বিবরণ দাও।

২+ ১৪=১৬

৫। রাম সীতার বিবাহের বিবরণ দাও। ভরত আর শত্রুঘ্নের স্ত্রীদের নাম কী কী? ১৪+২= ১৬

### 'খ' গুচ্ছ

যে –কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৬। 'নগরলক্ষ্মী' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো। এই কবিতার মধ্যে দিয়ে কবি কী বলতে চেয়েছেন? ১২+৪=১৬

৭। 'সুখদুঃখ ' কবিতাটি কার লেখা? সুখ ও দুঃখের যে ছবি কবিতায় রয়েছে তার বিবরণ দাও। কবিতাটির মধ্যে দিয়ে কবির কোন দর্শন প্রকাশিত হয়েছে বলে তুমি মনে করো। ১+১২+৩=১৬

৮। 'দূরের পাল্লা' কবিতার রচয়িতা কে? এই কবিতার যাত্রীরা তাঁদের যাত্রাপথে যে সব দৃশ্য দেখেছেন তা নিজের ভাষায় লেখো। এর মধ্যে কোন দৃশ্যটি তোমার সবচেয়ে ভালো লেগেছে এবং কেন , তা বুঝিয়ে লেখো। ১+১২+১+২=১৬

৯। 'সবার আমি ছাত্র' কবিতার বিষয় নিজের ভাষায় লেখো। কবি কার কার কাছে কী কী শিক্ষা পেয়েছেন তার উল্লেখ করো। ৮+৮=১৬